দৈনিক জনকণ্ঠ

তারিখ FEB 07 2008
পৃষ্ঠা ১২ কলাম ১

41

## ভর্তি ফরম বিতরণের সময়সীমা বৃদ্ধি

# চট্টগ্রাম ভার্সিটি ক্যাম্পাসে আকস্মিক প্রাণের স্পন্দন ॥ ছাত্রলীগের বিরোধ মিটে যাচ্ছে

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা** ॥ রবিবার আকস্মিকভাবে পাল্টে যায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের দৃশ্যপট। দীর্ঘদিনের নীরবতা নিস্তব্ধতার মাঝে হঠাৎ করে ফিরে আসে প্রাণচাঞ্চল্য। ছাত্রলীগের কর্মিসভা এবং প্রথম বর্ষ অনার্সে ভর্তি ফরম জমাদানকে কেন্দ্র করে ছাত্রছাত্রীর পদচারণায় মুখরিত হয়ে ওঠে ক্যাম্পাস। তবে একাডেমিক ও প্রশাসনিক ক্ষেত্রে বিরাজমান অচলাবস্থার নিরসন হয়নি। বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষ অনার্সের ভর্তি ফরম বিতরণের সময়সীমা আগামী ১৭ ফেব্রুয়ারি পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। গত ১৫ জানুয়ারি বিশ্ববিদ্যালয় খোলার প্রথম দিন থেকেই শিবিরের লাগাতার অবরোধের মুখে বিশ্ববিদ্যালয় অচল হয়ে পড়ে। একাডেমিক ভবন ও প্রশাসনিক ভবনে ঝুলছে তালা। আসন্ন কাউন্সিলকে সামনে রেখে রবিবার ক্যাম্পাসে অনুষ্ঠিত হয় ছাত্রলীগের কর্মিসভা। এ উপলক্ষে ক্যাম্পাসে শত শত ছাত্রলীগ নেতাকর্মীর সমাবেশ ঘটে। পাশাপাশি প্রথম বর্ষ অনার্সে ভর্তি ফরম জমাদানের শেষ মুহূর্তে ক্যাম্পাসে ভর্তিচ্ছু ছাত্রছাত্রীর উপস্থিতি বৃদ্ধি পেয়েছে। রবিবার প্রায় প্রতিটি ইউনিটে বিশাল লাইনে ভর্তিচ্ছুদের দাঁড়িয়ে থাকতে দেখা যায়। ভর্তি ফরম বিতরণকারী অগ্রণী ব্যাংক দু'টিতে উপচেপড়া ভিড় পরিলক্ষিত হয়। এদিকে বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষ অনার্সে ভর্তি ফরম বিতরণের সময়সীমা আগামী ১৭ ফেব্রুয়ারি পর্যন্ত বর্ধিত করা হয়েছে। একই সাথে ফরম জমাদানের সময়সীমা বাড়ানো হয়েছে ২২ ফেব্রুয়ারি পর্যন্ত। অপরদিকে ভর্তি ফরম জমাদান উপলক্ষে ক্যাম্পাসে শিবির আহূত লাগাতার হরতাল একাডেমিক শাখায় শিথিল করা হয়েছে বলে শিবির সূত্র জানায়। তবে বিরাজমান উত্তেজনাকর পরিস্থিতিতে হাজার হাজার ভর্তিচ্ছু ছাত্রছাত্রীর উদ্বেগ-উৎকণ্ঠার শেষ নেই। ভর্তি ফরম কেনার পরও দ্বিধাদ্বন্দ্বে ভুগছে এসব ছাত্রছাত্রী ও অভিভাবক।

### ক্যাম্পাসে ছাত্রলীগের কর্মিসভা

দীর্ঘদিন পর রবিবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের দ্বিধাবিভক্ত ছাত্রলীগের মধ্যে সমঝোতা হয়েছে। ছাত্রলীগের আসন্ন কাউন্সিল উপলক্ষে অনুষ্ঠিত কর্মিসভায় তিন গ্রুপের নেতাকর্মীদের অন্তর্কোন্দলের অবসান ঘটিয়ে ৫ সদস্যবিশিষ্ট সম্মেলন প্রস্তুতি কমিটি গঠন করা হয়েছে। এ উপলক্ষে কেন্দ্রীয় সহসভাপতি কাজী এবাদত হোসেনের নেতৃত্বে ৫ সদস্যের একটি দল চট্টগ্রামে অবস্থান করছে।

### সর্বদলীয় ছাত্রঐক্যের ছাত্র গণজমায়েত

ছাত্রদল, ছাত্র শিবির, ছাত্র সমাজ ও ছাত্র মজলিশের সমন্বয়ে নব গঠিত সর্বদলীয় ছাত্রঐক্যের বিশাল ছাত্র গণজমায়েত রবিবার বিকালে বিশ্ববিদ্যালয় ২নং গেটে অনুষ্ঠিত হয়। বক্তারা আগামী ১১ ফেব্রুয়ারির মধ্যে বিশ্ববিদ্যালয় থেকে গ্রেফতারকৃত ৫৪ শিবির নেতাকর্মীকে মুক্তি দেয়া না হলে ভিসি, প্রোভিসি, প্রক্টর ও হল প্রভোস্টদের পদত্যাগের একদফা আন্দোলনের হুমকি দিয়েছে। ছাত্রশিবির চবি শাখার সভাপতি মজিবর রহমান মঞ্জুর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে প্রধান অতিথি ছিলেন বিরোধী দলীয় হুইপ ওয়াহিদুল আলম এমপি। বিশেষ অতিথি ছিলেন অধ্যাপক আহসান উল্লাহ।